ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়,আশুগঞ্জ, ব্রাক্ষণবাড়িয়া
doict.ashuganj.brahmanbaria.gov.bd

**উপজেলা আইসিটি কমিটির মার্চ/২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | রাফে মোহাম্মদ ছড়া<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | **২৪/০৩/২০২৫ খ্রিঃ** |
| সভার সময় | **দুপুর ১২.০০ ঘটিকা** |
| স্থান | উপজেলা কনফারেন্স রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-"ক" |

সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সভাপতি জনাব রাফে মোহাম্মদ ছড়া উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ আল রেফাত, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ নিম্নরুপঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **ডিজিটাল সংযোগ স্থাপন(ইডিসি)**ঃ জনাব মোঃ আল রেফাত, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন(ইডিসি)" শীর্ষক প্রকল্পের আওতায় End User Connectivity বাস্তবায়নের অংশ হিসেবে আশুগঞ্জ উপজেলায় ৯৩ টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হবে। প্রান্তিক পর্যায়ের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান যথা জাতীয় বিশ্ববিদ্যালয়,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ,স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ(কমিউনিটি ক্লিনিক),ভূমি সংস্কার বোর্ড(ইউনিয়ন ভূমি অফিস) এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতিসহ উল্লিখিত প্রতিষ্ঠানকে ব্রডব্যান্ড প্রদান করা হবে। | সহকারী প্রোগ্রামার কে এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,আশুগঞ্জ<br>গ) উপজেলা শিক্ষা কর্মকর্তা,আশুগঞ্জ<br>ঘ) সহকারী প্রোগ্রামার, আশুগঞ্জ<br>ঘ) ভেন্ডর( সরকার কমিউনিকেশন) |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনাঃ**<br>সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা, ইউনিয়ন এবং সরকারী দপ্তর সমূহসহ শিক্ষা প্রতিষ্ঠান সমূহে সরকারী উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। সুতরাং ওয়েব পোর্টাল সমূহ নিয়মিত হালনাগাদ করণ জন-গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যক হওয়ায় এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া, ওয়েব পোর্টালের নিরাপত্তার বিষয়টি নিয়ে বিশেষভাবে আলোচনা করা হয়। | ১.১। স্ব স্ব দপ্তর/প্রতিষ্ঠানের জরুরী খবর, বিভিন্ন নোটিশ ও সভার কার্যবিবরণী,সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য এবং সকল জনপ্রতিনিধি ও জনবলের তথ্যসহ সেবা গ্রহীতাদের সুবিধার জন্য প্রয়োজনীয় সকল তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন,হালনাগাদ ও তা বহুল প্রচার করণে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২। নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালের নিরাপত্তা নিশ্চিত করতে শক্তিশালী আলফা নিউমেরিক পাসওয়ার্ড সেট করতে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল সমূহের লিংক উপজেলা পোর্টালে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৪। সংশ্লিষ্ট সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদ করণ কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৫। এক্ষেত্রে ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক কারিগরি সহায়তা/পরামর্শের জন্য সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, আশুগঞ্জ এর সাথে যোগাযোগ করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। আশুগঞ্জ উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২।আশুগঞ্জ উপজেলাস্থ সকল ইউপি চেয়ারম্যানগণ।<br>৩। আশুগঞ্জ উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>৪। সহকারী প্রোগ্রামার, আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া। |
| ০৩ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:**<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন যে, স্মার্ট ও পেপারলেস অফিস বিনির্মাণে অফিসসমূহে কাগজের ব্যবহার কমিয়ে আনা এবং জনগণকে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। সকল দপ্তরকে ই-নথি তে যুক্ত এবং ই-নথির মাধ্যমে চিঠিপত্র নিষ্পন্ন করে হার্ড কপি অফিসে সংরক্ষণ করতে বলা হয়। | ২.১। ইতোমধ্যে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে স্থাপিত দপ্তর সমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অতিসত্বর অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) শুরু করা ও অগ্রাধিকার প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.২। সকল সরকারী দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৩। ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে সৃষ্ট দপ্তর সমূহের অনলাইন নথি ব্যবস্থাপনা (ই-নথি সিস্টেম) কার্যক্রমের রিপোর্ট মাসিক উপজেলা আইসিটি কমিটির সভায় দাখিল করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.৪।এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান ও প্রয়োজন বোধে তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য সরবরাহ করণ বিষয়ে সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, আশুগঞ্জ কে সহায়তা করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া।<br>২।আশুগঞ্জ উপজেলাস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, আশুগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **আইসিটি ডিজিটাল ল্যাব:**<br>আইসিটি অধিদপ্তর কর্তৃক স্থাপিত আইসিটি ডিজিটাল ল্যাব এর প্রাপ্ত আসবাবপত্র ও আইটি সরঞ্জাম সচল আছে কিনা? ছাত্র-ছাত্রীরা নিয়মিত ব্যবহার করছে কিনা? শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনা নীতিমালা ২০১২ অনুযায়ী ল্যাবের সকল ইকুইপমেন্ট ও আসবাবপত্রের হিসাব স্টক রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে কিনা ইত্যাদি বিষয়ে জানতে চাওয়া হয়। পরিদর্শন পরবর্তী পরিদর্শন ছক মোতাবেক পরিদর্শন রিপোর্ট প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ে প্রেরণ ও নিজ দপ্তরে সংরক্ষণ করতে হবে। আশুগঞ্জ উপজেলায় মোট ১৩টি আইসিটি ডিজিটাল ল্যাব আছে । নিয়মিত ল্যাবগুলো পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | ৩.১। সকল শ্রেণির শিক্ষার্থী ও শিক্ষক কর্তৃক নিয়মিত ল্যাব ব্যবহার করণ,আইসিটির পাঠ্যক্রম সমূহ আবশ্যিকভাবে কম্পিউটার ল্যাবে তাত্ত্বিকের পাশাপাশি ইন্টারনেট সংযোগে ব্যবহারিকভাবে পাঠদান, প্রয়োজনীয় রেজিস্টারাদি নিয়মিত ব্যবহার ও হালনাগাদ রাখা, কম্পিউটার ও ল্যাপটপ সমূহ শুধুমাত্র ল্যাবের অভ্যন্তরে ব্যবহারকরণ ও সর্বদা সচল রাখা এবং সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.২। বেকার অথবা আগ্রহী তরুণ-তরুণীদের জন্য বিনামূল্যে অথবা নির্দিষ্ট ফি এর বিনিময়ে ট্রেনিং প্রোগ্রাম পরিচালনা ও স্থানীয় সাইবার সেন্টার হিসেবে ব্যবহার করার বিষয়ে পদক্ষেপ গ্রহণে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৩। কমিটির সদস্যগণ তথা উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত কম্পিউটার ল্যাব এর কার্যক্রম পর্যবেক্ষণপূর্বক কমিটির সভায় রিপোর্ট করণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৪। কেন্দ্রীয় মনিটরিং অফিসার হিসাবে সহকারী প্রোগ্রামার কর্তৃক ল্যাব সমূহ নিয়মিত পরিদর্শন, কারিগরী সহায়তা প্রদান এবং প্রশিক্ষণ প্রদান বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৫। উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় ল্যাব সমূহের প্রতিষ্ঠান প্রধান, আইসিটি শিক্ষক ও যথাসম্ভব সংখ্যক ছাত্রছাত্রী অংশ গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩.৬।নিয়মিত আইসিটি ডিজিটাল ল্যাব পরিদর্শন করে পরিদর্শন ছক মোতাবেক পরিদর্শন প্রতিবেদন জেলা কার্যালয়ে প্রেরণ এবং নিজ দপ্তরে হার্ড কপি সংরক্ষণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার, উপজেলা আইসিটি অফিস, আশুগঞ্জ। |

পরিশেষে অন্য কোন আলোচ্য বিষয়না থাকায় সভাপতি ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ করেন এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৯-০৪-২০২৫
রাফে মোহাম্মদ ছড়া
উপজেলা নির্বাহী অফিসার
০২-৩৩৪৪৩১৫২২ (ফোন)
০২-৩৩৪৪৩১৫২২ (ফ্যাক্স)
unoashuganj1@gmail.com

তারিখ: ২৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.১২৩৩.০০০.০০০.০৬.০০০১.২৩.৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। প্রোগ্রামার, প্রোগ্রামারের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। উপজেলা কৃষি অফিসার , উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিসের শাখা, উপজেলা ভূমি অফিস, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
৭। ল্যাবপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।।
৮। অফিসার ইন চার্জ, আশুগঞ্জ থানা, ব্রাহ্মণবাড়িয়া।
৯। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।।
১১। ল্যাবপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।।
১২। সংশ্লিষ্ট সরকারী দপ্তর/প্রতিষ্ঠান, আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া।।
১৩। ইউপি চেয়ারম্যান (সকল), আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া।।
১৪। ইউডিসি উদ্যোক্তা (সকল), আশুগঞ্জ,ব্রাহ্মণবাড়িয়া।।
১৫। জনাব ..............................................................................................................................,
........।।
১৬। অফিস কপি, অফিস কপি।

০৯-০৪-২০২৫
মো: আল রেফাত
উপজেলা আইসিটি অফিসার